

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

সুগ্রিয় মহোদয়

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।

আশা করি ভালো আছেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ‘শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ’ কার্যক্রমের ভিত্তিতে ২০১৮ সালের মধ্যে সমগ্র বাংলাদেশের শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়নের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। এ জন্য সরকার প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করেছে এবং ২০১৭ সাল পর্যন্ত ২ কোটি ১২ লক্ষ গ্রাহককে সংযোগ প্রদান করেছে। প্রতিমাসে ৩ থেকে ৫ লক্ষ নতুন গ্রাহক/পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে। বিগত ৩০ মাসে সংযোগ দেয়া হয়েছে ৯৩ লক্ষ নতুন গ্রাহক/পরিবারকে। ডিসেম্বর’২০১৭ খ্রিঃ পর্যন্ত ১৫৭টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন করা হয়েছে। ২০১৮ সালের মধ্যে দেশের সকল উপজেলার সকল মানুষকে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য প্রচেষ্টা চলছে।

বর্তমান সরকার জনমুখী নীতি গ্রহণ করার ফলে এ শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় ডিপোজিট ওয়ার্কের কাজ ব্যতিত সকল শ্রেণির বিদ্যুৎ লাইন সম্পূর্ণ সরকারি খরচে করা হচ্ছে। সংযোগের জন্য রশিদ প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত ফি এবং জামানতের অর্থ পল্লী বিদ্যুৎ সমিতি অফিসে জমা প্রদানের প্রয়োজন হবে। কাজেই এ কাজে জনসাধারণের নিকট হতে কোন প্রকার চাঁদা গ্রহণের সুযোগ নেই।

কিন্তু কিছু অসৎ, দালাল শ্রেণির মানুষ গ্রামের সাধারণ জনগণের নিকট হতে বিদ্যুৎ সংযোগ পাইয়ে দেবার নামে প্রতারণার আশ্রয়ে বিভিন্ন কলা-কৌশলের মাধ্যমে অর্থ হাতিয়ে নিচ্ছে। এ সকল অসৎ লোকের প্রতারণামূলক কাজের ফলে সরকারসহ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে এবং গ্রামের নিরীহ জনসাধারণ হয়রানী/প্রতারণার শিকার হচ্ছেন। কাজেই এ দালাল শ্রেণির প্রতারণার হাত থেকে নিরীহ জনসাধারণকে বাঁচানো আপনার ও আমাদের নেতৃত্ব দায়িত্ব। এ মহান দায়িত্ব পালনের জন্য আপনার মাধ্যমে প্রচারিত একটি ঘোষণাপত্র সর্বসাধারণের মনে বিশ্বাস ও আস্থা সৃষ্টি করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

সে লক্ষ্যে এ পত্রের সাথে ঘোষণাপত্রটি আপনার নিকট প্রেরণ করলাম; যা আপনি জুম্মা’র নামাজের সময় মুসুল্লীদের উদ্দেশ্যে পাঠ করে শুনাবেন এবং উপস্থিত মুসুল্লীদের মাধ্যমে সর্বসাধারণের নিকট এ ঘোষণা পৌছানোর জন্য বিশেষভাবে অনুরোধ করবেন। বিদ্যুৎ সংযোগ প্রত্যাশী সাধারণ মানুষ কোনোভাবেই যেন দালালদেরকে অর্থ প্রদান না করেন সেজন্য নিয়মিতভাবে মুসুল্লীগণের মাঝে এ ঘোষণাপত্র পাঠ করে শোনাবেন।

আপনার আন্তরিক সহযোগিতার জন্য অশেষ ধন্যবাদ। মহান আল্লাহ’র নিকট সকলের জন্য মঙ্গল কামনা করছি।

বিনীত নিবেদক

মেজর জেনারেল মঙ্গল উদ্দিন (অবঃ)

চেয়ারম্যান

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড